# Editors' Bio Note



Dr. Salu Dsouza is an Associate Professor in Political Science, Public Administration, and Public Policy. He is associated with School of Law, Christ (Deemed to be University), Pune – Lavasa campus in Maharashtra State. He has attended seminars, workshops, and conferences in India and abroad, national as well as international, and presented papers on the theoretical contours of diaspora, literary, sociocultural, political, and economic aspects of Indian diaspora in the Caribbean, USA, and other parts of the globe. His research papers are published in indexed journals and as book chapters in edited books. He was one of the moderators and plenary speakers for a few conferences/seminars and paper presentation sessions. He has been a Reviewer of Abstracts and Research Papers for conferences and seminars. He is one of the Reviewers of papers for a few online journals including SCOPUS Indexed Journals.



Dr. Abul Foyes Md. Malik is currently working as an Assistant Professor in the Department of Bengali, Digboi Mahila Mahavidyalaya, Digboi since March, 2010. He has completed his Ph.D. on the topic, "The Novels of Samaresh Basu: A Study on their Social Perspectives" from Gauhati University in December, 2009. He has so far authored two books titled "Samaresh Basur Uponnyase Nagarik Jiban" and "Samaresh Basur Uponnyase Gramin Jiban". He has also edited thirty three books, namely, "Violence Against Women in India", "Child Rights in India", "Human Rights and Gender Justice", "Endangered Ethnic Language and Culture in North East India", "Migration, Diaspora and Nation Building", "Partition of India: Memory, Trauma and Representation", "Modern Indian Drama: Theory, Practice and Criticism", "Modernism and Postmodernism: Reflections and Speculations", "Gender and Women's Studies: Interdisciplinary Approaches and Perspectives", "Translation Studies: History, Theory and Practice", "Ethnic Culture, Identity and Conflict: Problems and Prospects", "Human Rights, Security and Justice: Recent Trends and Approaches", "Women of North East India: Their Folklore and Folklife", "Literature, Culture and Society: Multidisciplinary Perspectives", "Rethinking Ecology and Environment: 21st Century Perspectives", "Realizing Children's Rights: Protection and Participation", Migration, Diaspora and Development: Critical Perspective", "Higher Education in the 21st Century: Envisioning the Future", "Identification of Abusive Relationships and Prevention of Domestic Violence", "India and Its Diaspora: A Comparative Perspective", "Ethnicity, Identity and Cultural Diversity: Multiple Perspectives", "Sankaradeva and the Neo-Vaishnavite Movement in North East", "Women in the 21st Century: Multidisciplinary Reflections", "Literature Culture & Society", "Protecting Human Rights: Emerging Issues and Challenges", "Ethnic Culture and Literature", "Women and Human Rights""Reconstructing the Significance of Child Rights", "Revisiting the Indian Freedom Struggle: Exploring the Contributors of Forgotten Heroes", "Identity Explorations: Dimensions and Discourses", "Sankaradeva's Neo-Vaishnavism and the Bhakti Movement in North East India", "Culture, Ethnicity and the Nation" and "Revisiting Abusive Relationship and Domestic Violence".

ISBN : 978-93-93092-45-8

PART - III

HUMAN RIGHTS, GENDER AND ENVIRONMENT

EDITORS
DR. SALU DSOUZA
DR. ABUL FOYES MD MALIK



# HUMAN RIGHTS, GENDER AND ENVIRONMENT

**PART - III**

**EDITORS**

**DR. SALU DSOUZA**
**DR. ABUL FOYES MD MALIK**

for research papers from academicians, research scholars, and policy makers both conceptual and empirical matters to be compiled that would serve as ready reference material for future research and deliberations.

**Editors**
Salu Dsouza
Abul Foyes Md Malik

## *CONTENTS*


Chapter -1 Violation of Human Rights of the Oppressed and the Oppressor: A Study of J.M. Coetzee's Waiting for the Barbarians and Disgrace through the Lens of Power Dynamics/ Abhilasha Borbora/11

Chapter -2 Sex Workers and Human Rights : An Analysis/ Ananya Kashyap/16

Chapter -3 Defending Dignity: Safeguarding Human Rights for Migrant Workers/ Arko Mukherjee/20

Chapter -4 Rescuing Lives, Restoring Dignity: Addressing Human and Bride Trafficking/ Ms. Arya Panikker/28

Chapter -5 Social Stratification and Human Rights: A Throwback/ Ayesha Afsana/36

Chapter -6 Life, Literature and Ethics: An Analytical Study/ Badal Khan/43

Chapter -7 Human Rights in Literature/ Barasha Ramchiary/47

Chapter -8 Human Rights of Women and Children/ Chitralekha Doley/54

Chapter -9 Mental Health of Women/ Eva Rani Brahma/62

Chapter -10 Depiction of Mental Health of Women in Literature/ Dr. Gagan Kumar Pathak/70

Chapter -11 The Intersection of Existentialism and Human Rights: Exploring Sartre's Philosophy/ Dr. K Nirupama Singha, Hema Hazarika & Rupali Daulagajao/79

Chapter -12 Child Rights and the Juvenile Justice System: A Comprehensive Study of Legal Frameworks, International Standards, and Practices in Safeguarding the Welfare of Children in Conflict with the Law/ Ms. Kavishka A/87

Chapter -13 Representation of Women's Mental Health in Charlotte Brontë's Jane Eyre and Sylvia Plath's The Bell Jar: A Comparative Study/ Madhu Baglari/94

Chapter -14 Human Rights of Migrant Worker/ Manjuma Sonowal/98
Chapter -15 A Comprehensive Overview of Human Trafficking and Violation of Human Rights in India/ Monoranjan Neog/109
Chapter -16 Bodo Women's Human Rights and The Duties in Bodoland Territorial Region (BTR): Special Reference on Udalguri District, Assam/ Mousumi Daimari, Shantipriya Hazarika/118
Chapter -17 Lower Subansiri Hydro Electric Project: Its Impact/ Munmi Dutta/126
Chapter -18 Women's Rights on Reproduction/ Dr. Priyanka Koiri/133
Chapter -19 The Minorities and Human Rights in India/ Rima Boro/137
Chapter -20 Formation of Tiwa Autonomous Council And the Present Status of Tiwa Community/ Rukmini Bordoloi/146
Chapter -21 Sundarbans: Lurking Problems in an Idyllic Setting An Analysis of the Issues Portrayed in Amitabh Ghosh's The Hungry Tide/ Semim Yasmin Akhter/153
Chapter -22 Some Issues on Human Rights/ Dr. Shyam Mamud Barbhuiya/159
Chapter -23 Present Status of Human Rights in the Eve of 76 Years of Independence of India/ Smita Gogoi/168
Chapter -24 Reproductive Health Rights of Women in India/ Dr. Smita Rani Saikia/176
Chapter -25 Historical and Philosophical Foundations of Human Rights/ Sujit Kumar Sarkar/182
Chapter -26 Dowry Deaths and Bride Burning: A Violation of Human Rights – Unveiling the Dark Nexus/ Ms. Theresa Charles/190
Chapter -27 The Forcing Factors Behind the Rural-Out Migration and Role of Remittances in Dibrugarh District, Assam/ Utpaljit Deori/198
Chapter -28 Philosophical Foundations of Human Rights According to Soren Kierkegaard/ Albert Amalraj M. Dr. Imkum Naro Willing/204
Chapter -29 Sex Selection and Abortion/ Barsha Ghosal/215
Chapter -30 Mission Vatsalya: The Mission on Child Rights and Juvenile Justice in India/ Dr. Bikash Ranjan Konwar/224
Chapter -31 Mental Health and Dance: Human Rights: Women's Mental & Health/ Farjana Yasmin/233
Chapter -32 Migration and Human Rights: In the Context of South Asia/Jayshree Singha/239
Chapter -33 Rethinking Women's Incarceration: The Open Jail System/ Ms. Karre Sri Vinati/247
Chapter -34 Climate Change and Human Rights: The Interlinkage/ Kishore Kumar Sutradhar/256
Chapter -35 Voices of Justice: Depictions of Human Rights in Indian English Literature/ Momita Jarampusa 264
Chapter -36 Judicial Activism Towards Gender Equality: Pioneering a Paradigm Shift/ Chinmoyee Gogoi/269
Chapter -37 Role of Constitutional and Legal Framework of India to Establishing and Promoting the Notion of Gender Equality/Montu Nath/277
Chapter -38 Human Rights of Women and Children/ Moumita Saha Roy/280
Chapter -39 Women's Human Rights and Mental Health/ Parnasha Sankalpita Bhowmick/288
Chapter -40 Tribal Women's Rights: A Human Rights perspective in India/Rimjim Dutta/296
Chapter -41 Revisiting Humanity: Unpacking the Notion of "Man" in Human Rights/ Mr. Sree Yuvan/305
Chapter -42 Human Trafficking: A Human Right Violation with Special Reference to Bride Trafficking in India/ Swagata Dhar Bhowmick/312
Chapter -43 Women Empowerment and the Rights of Women in India/ Mr. Veervijay Khanvilkar/320
Chapter -44 Advancing Human Rights: A Comparative Study of LGBT Rights and Rights of Differently Abled

Individuals/ Ms. Anoushka Banerjee, Mr. Jasmeet Singh/325

Chapter -45 Human Rights Violation of the Marginalised: Analysing Rape and Its Perspectives/ Anushka Sharma/334

Chapter -46 Microfinance: Empowering Women for Socio-Economic Transformation/ Himakshi Devi/342

Chapter -47 Legal Framework and Gender Equality: A Study of the Indian Constitution/ Ms. Lisa Marie Chittilappilly/350

Chapter -48 History and Evaluation of Human Rights of the LGBTQ+ Community in India/ Sourav Sardar/358

Chapter -49 The Abortion and Its Impact on Women/ Sushil Kumbang/367

Chapter -50 Sex Workers' Human Rights in India: Legal Aspects and International Conventions/ Ms. Adrija Saha/376

Chapter -51 Inequality in Education and Employment for Women/ Ms. Eleta Francis Lobo/385

Chapter -52 Human Rights as Moral Imperatives: A Kantian Ethical Perspective/Vanlalrinchhana, M. S. Dawngliana/393

Chapter -53 মানৱ অধিকাৰৰ সুৰক্ষা আৰু প্ৰসাৰত শিক্ষানুষ্ঠানৰ ভুমিকা/ চুনু ডেকা/400

Chapter -54 প্ৰসংগ মানৱতাবাদ আৰু সমীৰ তাঁতীৰ কবিতাত ইয়াৰ প্ৰতিফলন/ইব্ৰাহিম আনশাৰি/406

Chapter -55 'এক শ্ৰমিক পুত্ৰৰ চিঠি, সম্পাদকলৈ' গল্পত শ্ৰমিক জীৱনৰ কথকতা/ সান্ত্বনা বড়া/418

Chapter -56 শিশু আৰু মহিলাৰ মানৱ অধিকাৰ ঃ এক অৱলোকন/মৰ্জিনা বেগম/427

Chapter -57 মানৱ অধিকাৰৰ আইন বনাম ইয়াৰ বাস্তৱিক প্ৰচাৰ আৰু সুৰক্ষাত শিক্ষাৰ ভূমিকা/ Rashmi Begum/434

Chapter -58 মানৱ সৰবৰাহ ঃ বৰ্তমানৰ ভয়াবহ সমস্যা/হনি শইকীয়া/442

Chapter -59 সাম্প্ৰতিক সময়ত নাৰীৰ মানসিক স্বাস্থ্য এটি বিশ্লেষণাত্মক অধ্যয়ন/কৰবী দাস/448

Chapter -60 মাহেকীয়া ঋতুস্ৰাৱৰ সময়ত মহিলাৰ মানসিক স্থিতি ঃ অতীত আৰু বৰ্তমানৰ এক আলোকপাত/নিকিতা দাস, আটলাণ্টা শালৈ/455

Chapter -61 অপূৰ্ব শৰ্মাৰ 'বাঘে টাপুৰ ৰাতি' গল্পত জীৱন সংঘাটৰ প্ৰতিচ্ছবি/উৰ্বশী টুমুং/464

Chapter -62 বিবাহৰ বিৰুদ্ধে অপৰাধ/চন্দনা দাস/471

Chapter -63 সন্ত্ৰাসবাদ এক অক্টোপাছ সদৃশ/অৰূপ দাস/474

Chapter -64 বলীউডত কুইয়াৰৰ অধিকাৰৰ প্ৰশ্ন (*Aligarh* আৰু *Fire*ৰ বিশেষ উল্লিখনসহ)/ নিশামণি মহন্ত/478

Chapter -65 নারী নির্যাতন ও অত্যাচার ঃ প্রসঙ্গ জ্যোতির্ময়ী দেবীর 'এপার গঙ্গা ওপার গঙ্গা'/ড° সন্তোষ আকুড়া/484

Chapter -66 ধর্মমঙ্গল কাব্যের সঙ্গে বর্তমান নারীর অবস্থান/ফরিদা য়াচমিন মজজুমদাৰ/493

Chapter -67 পদ্মনাথ গোহাঞিবৰুৱাৰ "গাঁওবুঢ়া" নাটকৰ চৰিত্ৰ আৰু মানৱ অধিকাৰৰ খৰ্বৰ প্ৰসংগ/নুৰুজা সোনোৱাল/503

Chapter -68 নারীর মানবাধিকার ঃ একটি ঐতিহাসিক বিবর্তন/অঙ্কিতা দাস/508

Chapter -69 অস্পৃশ্যতা আৰু বৰ্ণবৈষম্যৰে ভাৰাক্ৰান্ত ব্ৰাহ্মণ সমাজ (ইউ. আৰ অনন্তমূৰ্তিৰ 'সংস্কাৰ' উপন্যাসৰ আধাৰত)/ মাধুৰী বৰুৱা/518

Chapter -70 किन्नर विमर्श : साहित्य और रंगमंच की दृष्टि से एक मूल्यांकन/ स्मृति रेखा देवी/522

# 65

## নারী নির্যাতন ও অত্যাচার ঃ প্রসঙ্গ জ্যোতির্ময়ী দেবীর 'এপার গঙ্গা ওপার গঙ্গা'

ড° সন্তোষ আকুড়া

সবাই তো ভাঙতে পারে
গড়তে পারে কজন?
গর্তে ঠেলতে ভির উপচে
মায়ায় টেনে তোলে ক'জন?

-ভালো ক্ষেত্রে যাবে না সহজে কাউকে পাওয়া। জীবনকে ভেঙ্গে দিতে, চুরমার করে- দুর্বিষহ করে তুলতে ছুটে আসে এ সমাজের অনেকে এবং তখন সেই 'অবলা'র জীবনকে নিয়ে, সেই অবলার সম্পর্কে বলতে গিয়ে- যে ব্যক্তির কোনো দিন স্বর ফোটেনি, যে কিনা বোবা সে'ও অগ্রণী ভূমিকা নিতে চায়। সমালোচনা করবে বলে মরিয়া হয়ে ওঠে সে। না, কাউকেই পাওয়া এত সহজ নয় ভালো কাজের ক্ষেত্রেঙ্গ বাংলা সাহিত্যের দিকে তাকালে লোক-সমাজের এই বাস্তব চিত্রটি- প্রতিটি পর্বে বইয়ের পাতাতেই লিপিবদ্ধ হতে দেখা গেছে। জীবনের বাস্তব চিত্রকে উপন্যাস, গল্প, নাটক, প্রবন্ধ-নিবন্ধে এমনিভাবে বহু সাহিত্যিক- রূপ দান করে সমাজ পরিসরের বাস্তব রূপটিকে সাক্ষ্য হিসেবে প্রমাণিত করার বাসনা নিয়ে নিজ নিজ শৈলীতে রূপদান করেছেন। নারীর প্রতি এমনিভাবে কালে কালে প্রতিটি ক্ষেত্রে ঘটে যেতে দেখা গেছে বিভিন্ন ঘটনা। এই 'অর্ধেক মানবী'কে সুবিধেমতো কখনও প্রতিমা, কখনও প্রেয়সী, কখনও রক্ষাকরড়ত্রী হিসেবে তুলে ধরা হয়েছে সত্যি, কিন্তু গোপনে এখনও সুযোগে তার প্রতি নির্যাতন, তার অবমাননা



করার অবকাশ এক শ্রেণির সমাজ মানসিকতার অধিকারী ব্যক্তিবর্গ হাত ছাড়া করেনি। নীরবে নিভৃতে চালিয়েছে অসংখ্য অত্যাচার, কেড়ে নেওয়া হয়েছে তাদের অধিকার। কেবলই ছুতো খোঁজে বেড়িয়েছে অত্যাচারের। দাঙ্গা, বিবাদ কিংবা হোক রাত্রির অন্ধকার যখন পেয়েছে সুযোগে করেছে অত্যাচার। করেছে তাদের পাশবিক আচরণকে চরিতার্থ। লোকচক্ষুর আড়ালে, কোনো কিছুর ছুতো করে কেবলই তাদের বর্বরতার জয়গান গেয়ে যেতে চেয়েছে এবং এ বর্বরতার ফলশ্রুতি ক্ষত-বিক্ষত, লাঞ্ছিত হয়েছে কেবলই একটি শ্রেণি। যে শ্রেণি হলো 'নারী'। 'অবলা'-'সবলা' শচদেবী, রক্ষাকরড়ত্রীগ্ন যে রূপেই পরিগণিত হোক না কেন সময়ান্তরে তাদেরই হতে হয়েছে 'বলির শিকার'। এমনই এক বলির শিকার, অত্যাচার, নির্যাতনের বলি হওয়া একটি আখ্যানের রূপচিত্র ও পদে পদে হওয়া বঞ্চনা, লাঞ্ছনার শিকার, নারী-নির্যাতনের একটি ব্যাখ্যান জ্যোতির্ময়ী দেবীর 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসটি। উপন্যাসে মনুষ্যত্ব বনাম নরপশুর লড়াইয়ের একটি চিত্র লক্ষ করা যায়।

'Violence against women'— অর্থাৎ নারীর প্রতি হিংসা, নারী নির্যাতন, দেশভাগ জনিত সমস্যাবলী, খুন, ছিনতাই, ধর্ষণ, লুটপাটের মতো ঘটনায় মানুষের মানবিকতার মৃত্যু জনিত চিত্র এই উপন্যাসের মূল উপজীব্য।

উপন্যাসে বর্ণিত নারী নির্যাতন প্রসঙ্গটি তুলে ধরার পূর্বে আমরা উপন্যাসিকের একটি সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরার চেষ্টা করি। বিশ শতকের গোড়ায় বাংলা সাহিত্যে জ্যোতির্ময়ী দেবীর আবির্ভাব। তাঁর জন্ম ২৩ জানুয়ারি ১৮৯৪ খ্রিস্টাব্দে রাজপুতানার জয়পুর শহরে। জ্যোতির্ময়ীদেবীর মাতার নাম সরলাদেবী ও পিতার নাম অবিনাশ চন্দ্র সেন। অতি অল্প বয়সেই লেখিকাকে অকাল বৈধব্যের যন্ত্রণা সহ্য করতে হয়। লেখিকা তাঁর বিভিন্ন রচনাতেই সমাজে পিছিয়েপড়া অবহেলিত মানুষের অধিকারকে ফুটিয়ে তুলেছেন। মেয়েদের উপর অন্যায় অত্যাচারের বিরুদ্ধে তাঁর লেখায় এক প্রতিবাদী স্বর ফুটে উঠতে দেখা যায়। জ্যোতির্ময়ী দেবী রচিত কয়েকটি রচনাসম্ভার হলো- উপন্যাস- 'ছায়াপথ' (১৩৪১), 'বৈশাখের নিরুদ্দেশ মেঘ' (১৩৫৫/১৯৪৮), 'মনের অগোচরে' (১৩৫৯/১৯৫২), 'এপার গঙ্গা ওপার গঙ্গা' (১৩৭৪/১৯৬৮), 'হরিজন উন্নয়ন কথা' ১৩৮১ থেকে ১৩৮২।

গল্পগ্রন্থ- 'রাজযোটক' (১৩৪৭), 'আরাবল্লীর আড়ালে',

'ব্যন্ডমাস্টারের মা' (১৩৬৮/১৯৬১), 'আরাবল্লীর কাহিনী' (১৩৭২), 'সোনা রূপা নয়' (১৩৭৬/১৯৬৯), 'মর্ত্যের অপ্সরা' (১৩৯৪) প্রভৃতি। 'লেডিস ক্লাব' (১৩২৭), 'স্ত্রীধন', 'মণি কর্ণিকা' (১৩৩৭), 'মা' (১৩৩৮), 'জননী' (১৩৪২) আদি তাঁর কয়েকটি গল্প। 'স্মৃতি ও বিস্মৃতির তরঙ্গ' (১৩৯৩/১৯৮৬) আত্মজীবনী মূলক রচনা। এছাড়া লেখিকা লেখেন বহু বিচিত্র প্রবন্ধ ও প্রবন্ধ সংকলন, এমনকি কবিতা সংকলন। 'চক্রবাল' (১৩৮৬) লেখিকা রচিত বিখ্যাত কবিতা সংকলন। 'চিরন্তন নারী জিজ্ঞাসা' (১৯৮৮) তাঁর রচিত একটি প্রবন্ধ সংকলন। 'আমার লেখার গোড়ার কথা' (১৩৭৫-৭৬), 'নারীর কথা' (১৩২৮), 'নারী সমস্যা' (১৩২৮), 'অসবর্ণ বিবাহ' (১৩৩৮), 'মেয়েদের উত্তরাধিকার' শচব্রছচ্ছ্ম, 'স্বাধীন ভারতবর্ষে মেয়েদের অধিকার' (১৩৬১), 'নারীর ইতিহাস' ১ম- ১৩৭৪, ২য়- ১৩৭৬ ইত্যাদি লেখিকার কয়েকটি উল্লেখযোগ্য প্রবন্ধের অন্যতম। নারীর স্বরকে তুলে ধরতে ধরতে সুদীর্ঘ ৯৪ বছর বয়সে ১৯৮৮ খ্রিস্টাব্দের ১৭ নভেম্বর জ্যোতির্ময়ী দেবীর জীবনের জ্যোতি নির্বাপিত হয়।

নারীমুক্তিবাদী জ্যোতির্ময়ী দেবীর 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসটি ছেচল্লিশের দাঙ্গা, দাঙ্গা পরবর্তী দেশভাগ এবং উদ্বাস্তু সমস্যাকে কেন্দ্র করে লেখা হয়েছে। দাঙ্গা যখনই সংঘটিত হয়, ঘরবাড়ি পুড়িয়ে ফেলা, নারীদের উপর লোলুপ নরপশুদের আক্রমণ, নারী নির্যাতনের বিষয়টি নিতান্ত সাধারণ রূপেই লক্ষ করা যায়।

'মেয়েরা কী স্বাধীন হয়?' -এ প্রশ্নই বার বার আমাদের কাছে বড় প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে। সাম্প্রতিক কালে আমাদের দেশের মনিপুরের হিংসায় নারীদের উপর কৃত অত্যাচার, দাঙ্গা, দেশভাগ-এর সময়কালীন সময়ের ঘটনাকে পুনরায় চোখের সামনে তুলে ধরতে সহায়ক। মানবিক মূল্যবোধগুলো হারিয়ে নরপশুতে পরিণত হতেও পিছপা হন না। সময়ে সময়ে সেই চিত্রটিরই পুনরাবৃত্তি হতে দেখা যায়। মানুষের মানবিকতার মৃত্যু প্রতিটি পর্বে অভাবহীনভাবে ধরা দেয়। নির্মম বাস্তবতার জ্বলন্ত ছবিটি তুলে ধরতে গিয়ে লেখিকা জ্যোতির্ময়ী উপন্যাসে উল্লেখ করলেন। হঠাৎ দাঙ্গা বাধার পর সুতারা দেখতে পেয়েছে- "দিদির মুখ 'শাক' হয়ে গেছে কিসের ভয়ে।"১ বাবা বেরিয়ে গেলে পরে ভয়ে তাদের মুখ শুকিয়ে গেছে। সুতারার দিদি



কথা পর্যন্ত বলতে পারছিল না। সুতারা দেখেছে- গোয়ালের দিকে যাওয়ার পর তাদের মা আর ফিরে আসে নি। "কালো কালো অনেক ছায়া মা'র সামনে পিছনে জড়ড় হয়েছে। মা'র হাত ধরবার চেষ্টা করছে। মা হাত ছাড়িয়ে খিড়কির দিকে গিয়ে খিড়কির পুকুরে ঝাঁপ দিলেন।"২

উপন্যাসের আদিপর্বে সুতারার বক্তব্যে আমরা নারীর উপর কৃত অত্যাচারের প্রসঙ্গটির পরিচয় লাভ করি। একজন নারী নিজ সম্ভ্রম বাঁচানোর জন্য পুকুরে ঝাঁপ দিচ্ছেন, এর চেয়ে লজ্জার আর কী কিছু আছে? সে দিন রাত্রে শুধু সুতারার মা-ই নয়, সুতারার দিদিকেও ফিরে পাওয়া যায়নি। সুতারার মুখেই শুনতে পাই-

"চারদিক আগুনের আলোয় আলো হয়ে গেছে দেখতে পাওয়া গেল। একজন মাকে ধরতে গেল, আর একজন বললে, 'যাক যাক, ওটা এদের মাঙ্গ -ও যাকগে।' দিদির আর সাড়া নেই, দিদি কি মরে গেল?"৩

নারীর কল্যাণময়ী রূপকে দেখে না ঐ নরপশুগণ। রহিম করিমকে সন্তান স্নেহে সুতারার মা ভালোবাসলেও তারাই তাকে ধর্ষণ করতে যায়। নরপশুগণ কেবল ভোগের দৃষ্টিতেই নারীর উপর দৃষ্টিপাত করে। সুতারারও তাই বুঝতে আর বাকি থাকে না, সে আন্দাজ করতে পারে নরপশুর দল তার মা-দিদির সঙ্গে কি ঘটিয়েছে!

সুতারা সম্পর্কে লেখিকা স্পষ্ট কিছু না বললেও পাঠকের বুঝে নিতে অসুবিধা হয় না যে সুতারাও নরপশুর দলের শিকার কীভাবে হয়েছে?

দাঙ্গা আদি পরিস্থিতির উদ্ভব হলে কেন সবাইকে আতঙ্কিত হয়ে উঠতে হয়? বিশেষত নারীদের! চিরটাকাল এমনই ঘটে চলেছে। অতীতের যুদ্ধ পরবর্তী ঘটনাগুলিও আমাদের কাছে এমনই দৃষ্টান্ত রেখেছে। যুদ্ধের পর বিজিত রাজ্যের বিধবা কিংবা সধবা রমণীদের জোরে, বলে বিজয়ী সৈন্য বা রাজাগণ বন্দি করে নিয়ে গেছে বিশেষতঃ রানিদের জোর করে দাসী বানিয়েছে। বিজিত দেশের নারীদের হতে হয়েছে ধর্ষিতা, কখনও তারা নিজেদের মান রক্ষার জন্য করেছে 'জহরব্রত'। এ থেকে যেন নিষ্কৃতি নেই এই নারীদের। যুগ পাল্টালেও সময় পরিবর্তন হলেও নারীর এ অবস্থার পরিবর্তনের সমস্ত পথ আজও অপ্রশস্ত, আজও সে পথ সংকট মুক্ত হতে পারেনি। কবি নজরুল ইসলাম যতই সাম্যের কথা আমাদের চেতনায় প্রবেশ

করাতে চান না কেন যতই আমাদের জানিয়ে দেন না কেন-

"শয়তান যে - নর নহে নারী নহে,
ক্লীব সে, তাই সে নর ও নারীতে সমান মিশিয়া রহে।
এ-বিশ্বে যত ফুটিয়াছে ফুল, ফলিয়াছে যত ফল,
নারী দিল তাহে রূপ-রস-মধু-গন্ধ সুনির্মল।"৪ (নারী, সাম্যবাদী)

-যতই নারী-পুরুষের সমান অধিকারের জয়গান গাইতে চান না কেন বাস্তবতা কিন্তু নির্মম। বড়ই করুণ-

"নারীকে আপন ভাগ্য জয় করিবার
কেন নাহি দিবে অধিকার
হে বিধাতা।"৫ ('সবলা', মহুয়া, রবীন্দ্রনাথ ঠাকুর)

-নারীকে আপন ভাগ্য জয় করতে কেন দেওয়া হবে না? বিধাতার কাছে যতই নারীর অধিকারের প্রশ্ন তোলা হোক না কেন বাস্তবতার ছবি কিন্তু জ্যোতির্ময়ী দেবীর বর্ণনার মধ্য দিয়েই স্পষ্ট বোঝা যেতে পারে।

দাঙ্গার সময় অসংখ্য নারী স্বভাবতই নিজেদের মান-ইজ্জৎ সর্বস্ব হারিয়ে থাকে। সুতরাং বন্ধু-সাকিনার তার মা'র কাছে কৌতূহল প্রবণ জিজ্ঞাসায় সেই আতঙ্কের প্রকাশটি স্পষ্ট। কেননা- "সে শুনেছে দুর্গা গলায় দড়ি দিয়েছে। অলকা নদীতে ঝাঁপ দিয়েছিল, তাকে গুণ্ডারা তুলে কোথায় নিয়ে গেছে। সুরমাদের বাড়িতে আগুন লাগিয়ে দরজা বন্ধ করে দিয়েছিল। শুনেছে কেউ আর বেঁচে নেই তাদের বাড়রি।"ছ তাই সে চুপি চুপি মা'কে জিজ্ঞাসা করে জানতে চায়- "আচ্ছা মা, ওই মেয়েদের ধরে নিয়ে গেল কেন? কি করবে ওদের?"৭

-এ প্রশ্ন সাকিনার মতো অসংখ্য নারী, পাঠকেরও জিজ্ঞাস্য! কি করা হবে ওই সব নারীদের সাথে? কে দেবে এর উত্তরঙ্গ এদের লুণ্ঠন করে নিয়ে গেছে পুরুষ। নররূপে পশুতুল্য এই সব বর্বর লোকেরা সংগঠিত করে তুলেছে সব অপকর্ম।

সাম্প্রদায়িক দাঙ্গায় জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে বহু নারী অত্যাচারিত হয়েছে, হয়েছে ধর্ষিতা, দাঙ্গা বিপর্যস্ত সেই সব নারীদের শচসুতারাদের মতোগ্ন সমাজ ভালো চোখে দেখে নি কখনও। তাই সারাজীবন তাদের অস্পৃশ্যতার ছোঁয়া বাঁচিয়ে চলতে হয়েছে। সংঘর্ষময় পরিস্থিতি মানুষের মানবতার মৃত্যু



ঘটিয়ে দেয়। তাই সুতারাকে তার দাদারা আনতে যায়নি। বরং যার বাড়িতে সে আশ্রয় নিয়েছিল, আশ্রয়দাতা প্রতিবেশি সেই মহান ব্যক্তিটি- তমিজ সাহেব- নিজে সুতারাকে কলকাতায় তার দাদাদের কাছে পৌঁছেদিয়েছে। নারীদের উপর হয়ে চলা এই অন্যায়, বর্বর চিত্রটি দেখে আক্ষেপের সুরে তাই আমিনার বাবাকে বলতে শোনা যায়-

"চিরকাল ঐ চললো। রাজায় রাজায় যুদ্ধ হয় উলুখড়রে প্রাণ যায়। মেয়েদের নিয়ে চিরকাল এই করছে লোকে।"৮

তমিজ সাহেবের স্ত্রী তথা সাকিনার মা'য়ের মুখেও এমনই চিন্তার অভিপ্রকাশ ও জিজ্ঞাসা-

"তোমাদের দেশভাগ চাই, ঝগড়া করবে করো। আমাদের মেয়েদের মান-ইজ্জত নিয়ে এ লাঞ্ছনা কেন?"৯

-এ প্রশ্নের কোনো উত্তর কোনো কালেই ওই সব পশুদের কাছ থেকে পাওয়া যায় না। এ প্রশ্ন সর্বকালেই সহৃদয় ব্যক্তির হৃদয়কে খোঁড়ে খোঁড়ে খাই, কিন্তু উত্তর পাওয়া হয়ে ওঠে ভার। শরণাগত সুতারাকে কন্যার মতো রক্ষণাবেক্ষণ করে রাখলেও স্বজাতীর কাছে তমজি সাহেব হয়েছেন ধিকৃত। রহমতউল্লা সাহেবের মতো তাঁকেও সাবধান করে দেওয়া হয়েছে।

তমিজ সাহেবের এ উক্তিতে অসহায়তার ভাবটি স্পষ্ট। তমিজ সাহেবের স্ত্রী তথা সাকিনার মা নিজে নারী হিসেবে জাত-পাত-বর্ণ হিসেবে না ভেবে কেবল নারী হয়ে আরেক নারীর কষ্টকে বুঝতে পেরে সুতারার সহায় হয়ে তার পাশে দাঁড়িয়েছে। নারী জাতির উপর হওয়া অন্যায়ের প্রতিবাদ করেছে। সাকিনার মতো কন্যা জ্ঞানে সুতারাকে কাছে টেনে নিয়েছে, তমিজ সাহেবও নারী জাতির উপর হওয়া অন্যায়ের প্রতিবাদ করেছেন। কিন্তু অন্যায়কারীরা পাল্টে তমিজ সাহেবকেই অন্য যুক্তি দেখিয়ে শাসিয়েছে। উপন্যাসে তমিজ সাহেবের বক্তব্য থেকেই আমরা তার প্রমাণ পাই। তমিজ সাহেব যখন বলেন-

"আমি বলতে গেলাম, ভাই মেয়েদের নিয়ে টানাটানি কেন করছো, আমাদের ঘরেও তো জেনানা আছে। বললে কি জানো, মেয়েদের নিয়ে কোথায় কে কবে টানাটানি ছেঁড়া ছেঁড়ি করেনি? কেন ওদের পুরাণ খুলেই দেখো না? রাবণ সীতাহরণ করেনি? আর দ্রৌপদীর কথা? বললাম, সে তো ভালো কাজ করেনি, সবাই তা জানে। তারা বললে, ওসব ধর্ম কথা

রেখে দাও। সব দেশেই এসব আছে। হয়। আমরা জানি। শুনলে আশ্চর্য হবে আজিজ, যারা বলছিল- তারা মূর্খ নয়, অশিক্ষিত নয়, আর ধর্ম কর্মও করে। কোরান পড়ে। নামাজ পড়ে। মসজিদে যায়। রোজা রাখে।"১০

উপকার করার পরামর্শ দিতে গিয়ে পাল্টে তাকে শাসানি খেতে হয়েছে। উগ্র স্বজাতির করাল চক্ষুকে অবজ্ঞা করে নিজ প্রাণের ঝুঁকি নিয়ে মানবিকতার বাণীকে প্রচার করতে চেয়েছেন তমিজ কাকা। তমিজ সাহেবের পরিবারের মতো আরও কিছু মানুষ তাদের মনুষ্যত্ব দিয়ে সেই চরম বিপদে পড়া অসহায় মানুষগুলোর পাশে দাঁড়িয়ে ছিল। রহমতউল্লা সাহেবও কিছু অসহায় হিন্দুকে আশ্রয় দিয়ে দাঙ্গাকারীদের হাত থেকে রক্ষা করেছিলেন। এবং এর জন্য তাদের উভয়কে অন্যায়কারীদের কাছ থেকে শাসানি পর্যন্ত পেতে হয়েছে। তবে অত্যাচারিত কেবল হিন্দুরাই হয়নি, অনেক মুসলিম পরিবারও হিন্দুদের দ্বারা নির্যাতিত হয়েছিল। উপন্যাসে সাকিনার ভাই মইনুর এর কথা থেকে জানতে পারা যায়-

"জানো সুতারাদি, বিহার বলে একটা জায়গায় সমস্ত মুসলমানদের হিন্দুরা মেরে ফেলেছে- এখানের চেয়ে অনেক বেশি মারামারি হয়েছে।"১১

-অর্থাৎ নরপশুরা হিন্দু-মুসলমান উভয় ধর্ম সম্প্রদায়েই বর্তমান। সেই পশুদের আস্ফালনে উভয় সম্প্রদায়ের মানুষই বিপর্যস্ত হয়েছে। কাজেই জাতি-ধর্ম-বর্ণ আদি বিভাজনে অমনুষ্য, নরপশুদের পরিচয় প্রকাশ পেতে পারে না। তাদের একটিই পরিচয় তারা সামাজিক দুষ্কৃতি, তারা দাঙ্গাবাজ, তারা মনুষ্যত্বের হত্যাকারী, তারা অমানুষ। লেখিকা জ্যোতির্ময়ী দেবী তাঁর এই উপন্যাসে এভাবে এক চরম সত্যের মুখোমুখি আমাদের দাঁড় করিয়েছেন। লেখিকা দেখিয়েছেন একদিকে নরপশুদের আস্ফালন, অন্যদিকে মনুষ্যত্ব নিয়ে হাজির হওয়া কিছু মানবিক মানুষ; সুযোগ, অবসর পাওয়া মাত্রই দাঙ্গাবাজের নরপশুরা তাদের পাশবিক অত্যাচার চরিতার্থের জন্য ছক কষে থাকে। খুন, ধর্ষণ করা শুধু পুরুষ নরপশুই নয়, অনেক সংকীর্ণ মানসিকতার মহিলাও দাঙ্গা বিদ্ধস্ত অসহায় মেয়েদের বেঁচে থাকায় প্রতিবন্ধকতা তৈরি করেছে। সুতারার বৌদির মা এমনই এক সংকীর্ণমনা মহিলা- যারা সুতারার সতীত্ব নিয়ে এবং জাত জন্ম নিয়ে প্রশ্ন তুলেছে। সুতারার বিপর্যয়ের শিকার কিংবা মুসলমান ঘরে প্রায় ছয়-সাত মাস কাটানোর অপরাধে তাকে অস্পৃশ্যের



মতো ব্যবহার করা হয়েছে। প্রমোদের মা অর্থাৎ অমূল্যবাবুর স্ত্রীর মতো লোকেরা নারী হওয়া সত্ত্বেও নরপশুদের মতোই আস্ফালন করেছে। প্রমোদের মা বলেছে-

"সে দেশের এমন কত মেয়ে পড়ে আছে। আর এতদিন ওদের ঘরে থাকা মেয়ের জাতধর্ম কি আর কিছু আছে? কি খেয়েছে না খেয়েছেঙ্গ কি হয়েছিলঙ্গ..."১২

এমন মেয়েকে, অত্যাচারের শিকার মেয়েকে কেউই মায়ায় কাছে টেনে তুলতে পারে না। সীতাকেও তেমনই কেউ কাছে টানতে পারেনি। পরীক্ষা দিতে দিতে হেরে গিয়ে বিদীর্ণ পৃথিবীর বুকে ক্ষোভে, দুঃখে প্রবেশ করতে বাধ্য হয়েছিল। প্রমোদের মা'ও তাই বিদেশিনী কুলবতীকে বৌ বলে স্বীকার করলেও সুতারার মতো নারীদের গ্রহণ করে নিতে পারেন না, পাছে এক বড় 'কিন্তু' তার সমস্ত দেহ-মনকে আচ্ছন্ন করে রেখেছে। যাদেরকে হাত বাড়িয়ে কাছে টানার কথা- চিরটাকাল কিন্তু তাদের কাছে টানা সম্ভব হয়নি, কারণ কাছে টেনে নেওয়া যায় না, সেখানে রয়েছে এক 'কিন্তু'। লেখিকা জ্যোতির্ময়ী দেবী উল্লেখ করতে গিয়ে লিখেছেন-

"সে 'কিন্তু' চিরকালের 'কিন্তু'। সীতার আমলের, অম্বার আমলের। বাইবেলের মেরী ম্যাগডালিয়নকে পাথর ছুঁড়ে মারার আমলের। আর অসংখ্য না-জানা মেয়েরও আমলের।"১৩

লেখিকা আরও জানান-

"মৃত্যুর মতো নির্লিপ্ত কঠোর সে 'কিন্তু'। যার যাত্রার পথে কোনো বাধার, কোনো মানবতার দোহাই আজও চলে না।..."১৪

সীতার মতোই সুতারাদের আজও পরীক্ষার মধ্য দিয়ে যেতে হয় কারণ তারা হলো নারী। অত্যাচারের স্বীকার হওয়াই যেন তাদের ভবিতব্য। যুগ-যুগ ধরে এভাবেই সতীত্ব রক্ষার, জাত-জন্ম রক্ষার, পবিত্রতার সমস্ত বোঝা নারীর ওপর চাপিয়ে দেওয়া হয়, অথচ প্রয়োজনের সময় তাদের কাছে টেনে নেওয়া হয় না বরং শিকার হতে হয় নরপশুদের হাতে। নারী বলেই কী- 'সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই'- এই বাণীটিকে বিস্মৃত হতে হয়। মণিপুরের নারী নির্যাতন আবারও দাঙ্গা পীড়িত সুতারাদের মতো নারীদের স্মৃতিকে- সেই নির্মম স্মৃতিকে পুনরায় জাগিয়ে তোলে কেবলই হৃদয় খোঁড়ে বেদনাই জাগিয়েছে। এক বেদনা ভুলতে দিতে না দিতে, আবার

সেই ক্ষতস্থানকে আঘাত দিয়ে আরও সজীব গভীর ক্ষতে পরিণত করেছে। সুতারাদের নিস্কৃতির পথ কোথায়? দেবে কি কেউ কখনো বলে যে পথের সন্ধানের উপায়। মায়ার টানে অত্যাচার বন্ধ করে তোলে কি নেবে শ্রদ্ধার আসনে? তমিজ সাহেবের মতোই কী এরা রয়ে যাবে কেবলই হাতে গুনা জনকয়েক রূপেঙ্গ

**উল্লেখপঞ্জি :**


১. জ্যোতির্ময়ী দেবীর রচনা সংকলন-র, দে'জ পাবলিশিং, কলকাতা, মার্চ ২০২০, 'এপার গঙ্গা ওপার গঙ্গা', পৃ. ১০.

২. ঐ. পৃ. ১০১

৩. ঐ. পৃ. ১০১

৪. 'নারী কবিতা'; 'সাম্যবাদী' কাব্য- কবি কাজী নজরুল ইসলাম, কলকাতা, পুনর্মুদ্রণ- ২০১১, পৃ. ৮৯

৫. 'সবলা' কবিতা; 'মহুয়া' কাব্যগ্রন্থ- রবীন্দ্রনাথ ঠাকুর, বিশ্বভারতী গ্রন্থালয়, কলিকাতা, বৈশাখ, ১৩৬৩ বঙ্গাব্দ, পৃ. ৬৩

৬. 'জ্যোতির্ময়ী দেবীর রচনা সংকলন- ১', ঐ, পৃ. ১০৪

৭. ঐ, পৃ. ১০৪

৮. ঐ, পৃ. ১১৪

৯. ঐ, পৃ. ১০৫

১০. ঐ, পৃ. ১০৫

১১. ঐ, পৃ. ১১৪

১২. ঐ, পৃ. ১৮১

১৩. ঐ, পৃ. ১৮১

১৪. ঐ, পৃ. ১৮১


**গ্রন্থপঞ্জি :**

আকর গ্রন্থ :


১. রায় চৌধুরী, সুবীর (সম্পা.) সেন, অভিজিৎ-'জ্যোতির্ময়ী দেবীর রচনা সংকলন-১', দে'জ পাবলিশিং, কলকাতা, প্রকাশক- সুধাংশু শেখর দে, প্রকাশ- পুনর্মুদ্রণ : মার্চ, ২০২০

২. ইসলাম, কাজী নজরুল- 'সাম্যবাদী' কাব্যগ্রন্থ, কলকাতা, পুনর্মুদ্রণ : ২০১১

৩. ঠাকুর, রবীন্দ্রনাথ- 'মহুয়া' কাব্যগ্রন্থ, বিশ্বভারতী গ্রন্থালয়, কলিকাতা, বৈশাখ, ১৩৬৩ বঙ্গাব্দ




**66**

# ধর্মমঙ্গল কাব্যের সঙ্গে বর্তমান নারীর অবস্থান

ফরিদা য়াচমিন মজজুমদার

মধ্যযুগীয় বাংলা সাহিত্যের একটি বড়ো বৈশিষ্ট্য হল মঙ্গলকাব্য। খ্রীঃ পঞ্চদশ শতক থেকে অষ্টাদশ শতক পর্যন্ত এমনকি তারও পরে অনেক মঙ্গলকাব্য রচিত হয়েছে। সাহিত্য দেশের অন্দর-মহলেরচিত্রকেতুলে আনেটেনে- হেঁচড়ে।কবি- সাহিত্যিকরা তাঁদের চারপাশের চেনা জগৎকে নিজ-মনের মাধুরী মিশিয়ে সাহিত্যের রস-সমুদ্রে ডুব দিয়ে তাল তাল করে শব্দের মুক্তা-বেণী সাজিয়ে পাঠক-হৃদয়কে রসসিক্ত করে তোলে। শুধু চেনা বাস্তব ছাড়া কবিরা আশ্রয় নেয় কল্প-লোকেরমায়াজালে। বাস্তবজগতের অপূর্ণত, অপ্রাপ্তির শূন্যতাকে কবিরা কল্প-লোকের মায়াবী নেশায় নিজের মত করে ভরিয়ে তোলেন। তাইতো যে কালেরই সাহিত্য হোক না কেন, সর্ব কালের সাহিত্যের মধ্যে বাস্তব আর কল্পনা মিলেমিশে রাজত্ব চালায়। বিশেষ দেশ-কাল ও তার অধীনে থাকা মানুষকে নিয়ে সাহিত্যের উদ্ভব। মধ্যযুগের সাহিত্যও এর ব্যতিক্রম নয়। মধ্যযুগীয় নগ্ন বাস্তব আর কল্পনাশ্রিত নর-নারীর কথাকে কেন্দ্র করে সেকালেরসামাজিকচিত্রের স্বরূপে গড়ে উঠেছেঅন্যান্য কাব্যের মত মঙ্গলকাব্য গুলিও। সে যাই হোক সব মিলিয়েমধ্যযুগের কাব্য সমকালীন দেশ-কাল-সমাজের এবং সেই সময় কারকবিদের মঙ্গলকাব্য দেব-দেবীদের মাহাত্ম প্রচারে সমৃদ্ধ। তবে এ দেব-দেবীরা বাস্তবজীবনের ক্ষেত্রেও সাধারণ নর-নারী রূপে ধূলি-ধূসরিত পৃথিবীতে এসেছেন।পৌরাণিক কাঠামোকে গ্রহণকরলেও মানুষের সুখ-দুঃখ, আশা-নিরাশা, আনন্দ-বেদনা প্রভৃতি নিয়ে যে জীবন, তারই সূত্রে সমাজের বিশ্বস্ত পরিচয় মঙ্গলকাব্যের পাতায় পাতায় উঠে এসেছে।এ কাব্যে পল্লী